



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট।

স্মারক নং- সিবিবো/পনি/মাধ্য/উমা/সোপ/২২০

তারিখঃ ২৫/০৯/২০১৬ ইং


বিষয়ঃ এস এস সি ও এইচ এস সি/সমমান পরীক্ষার নম্বর বিভাজন সংক্রান্ত (২০১৭ সাল থেকে কার্যকর)।

সূত্রঃ স্মারক নং-শিঃ উ/২৭৭/১১/পার্ট-২/১১৮২ তারিখঃ ২০/০৯/২০১৬ ইং

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রধানগণকে (প্রধান শিক্ষক/অধ্যক্ষ) জানানো যাচ্ছে যে, বিগত ০১/০৯/২০১৬ ইং ও ০২/০৯/২০১৬ ইং তারিখের জাতীয় কর্মশালায় সকল শিক্ষা বোর্ডের প্রতিনিধিগণের উপস্থিতিতে গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী সৃজনশীল (CQ) ও বহুনির্বাচনী প্রশ্নের (MCQ) মান পরিমার্জন করা হয়(কপি সংযুক্ত)। এ কর্মশালার সিদ্ধান্ত অনুযায়ী সৃজনশীল প্রশ্নের (CQ) মান ৬০ থেকে বৃদ্ধি করে ৭০ ও বহুনির্বাচনী প্রশ্নের(MCQ) প্রশ্নের মান ৪০ থেকে কমিয়ে ৩০ করা হয়েছে। এবং সে অনুযায়ী প্রয়োজনীয় অন্যান্য ক্ষেত্রে প্রাসঙ্গিকভাবে নম্বর বিভাজন পুনর্বন্টন করা হয়েছে।

এস এস সি ও এইচ এস সি পরীক্ষার জন্য সকল বিষয়ের পুনর্বন্টনকৃত নম্বর বিভাজন (কপি সংযুক্ত) অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রধানগণের (প্রধান শিক্ষক/ অধ্যক্ষ) অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে এতসঙ্গে প্রেরণ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


(মোঃ সামদুল ইসলাম)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।

সংযুক্তিঃ নম্বর বিভাজনের তালিকা (এস এস সি ও পাতা ও এইচ এস সি ও পাতা)

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

১. অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল শিক্ষাপ্রতিষ্ঠান সমূহের প্রধান শিক্ষক ও অধ্যক্ষগণ।
২. সিস্টেম এনালিস্ট (নম্বর বিভাজনের তালিকা অত্র শিক্ষা বোর্ডের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।)
৩. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব।

